গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
শের-ই-বাংলা নগর, পিএসসি সড়ক, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০০১.২০১৮-৩১

তারিখঃ ০৩ জানুয়ারি ২০১৯

**বিষয়ঃ সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষার সিলেবাস ও নীতিমালার গেজেট কপি প্রেরণ।**

**সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষার সিলেবাস ও নীতিমালা** বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। উক্ত গেজেটের **১** (এক) টি কপি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংলগ্নী ঃ বর্ণনামতে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
সচিব এর দপ্তর
ডাঃ নং ... তাং ...
অতিঃ সচিব (প্রশাসন)
অতিঃ সচিব (উন্নয়ন)
অতিঃ সচিব (জনস্বাস্থ্য ও বিশ্বস্বাস্থ্য)
অতিঃ সচিব (হাসপাতাল)
অতিঃ সচিব (বাজেট)

৩.১.২০১৯
(আবদুল্লাহ-আল-মামুন)
পরিচালক
ফোন ঃ ৫৫০০৬৬৩১।

প্রাপক ঃ সিনিয়র সচিব/সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন -১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ৪৫.১৩৭.১১৬.০০.০০.০০৩.২০১৬-৩৩২

তারিখ: ১৩ মার্চ, ২০১৯ খ্রিস্টাব্দ
২৯ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল:**

১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর/নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
৪। যুগ্মসচিব/যুগ্মপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। উপসচিব/উপপ্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। চীফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। সিনিয়র সহকারী সচিব/সিনিয়র সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৯। সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১। ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।
১২। লাইব্রেরিয়ান/হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

১৩.০৩.১৯
(মোঃ শাহাদত হোসেন কবির)
সিনিয়র সহকারী সচিব

সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষার পাঠ্যক্রম

তৃতীয় পত্র

বিষয় : সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের নিজস্ব কার্যাবলির সংগে সম্পর্কিত বিষয়াবলি

সময় : ৩ ঘন্টা

পূর্ণ নম্বর : ১০০

পাস নম্বর : ৪০

অংশ-১ :

১. **অফিস কার্যক্রম সংক্রান্ত আইন-বিধি ও নির্দেশাবলি :—**

(১) The Official Secrets Act, 1923;

(২) পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬;

(৩) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮;

(৪) তথ্য অধিকার আইন, ২০০৯;

(৫) নিয়োগ বিধি প্রণয়ন পদ্ধতি ও নির্দেশাবলি;

(৬) জাতীয় শুদ্ধাচার নীতিমালার কৌশল।

২. সচিবালয় নির্দেশমালা-২০১৪

(ক) সংজ্ঞাসমূহ; (খ) সচিবালয়ের সংগঠন; কর্মবন্টন ও কর্মপরিকল্পনা; (গ) অফিস পদ্ধতি; (ঘ) কার্যনিষ্পত্তি; (ঙ) সভা; (চ) সাধারণ; (ছ) স্থায়ী নিরাপত্তা; (জ) নাগরিক সেবা প্রদান; ও (ঝ) ক্রোড়পত্র।

৩. কার্যবিধিমালা-১৯৯৬ (**Rules of Business-1996**)

(ক) সংজ্ঞা (Definition), কার্যবন্টন (Allocation of Business), কার্যসম্পাদন (Transaction of Business) এবং আদেশ (Orders), দলিল (Instrument), সম্মতিনামা (Agreements) ও চুক্তিসমূহ (Contracts); (খ) রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রীর নিকট রেফারেন্সসমূহ (Reference to the President and the Prime Minister); (গ) আন্তঃমন্ত্রণালয় পরামর্শ পদ্ধতি (Inter-Ministerial consultation); (ঘ) মন্ত্রিসভার বৈঠকের পদ্ধতি (Procedure for the meeting of the cabinet); (ঙ) বিবিধ বিধান (Miscellaneous provisions); ও (চ) তফসিলসমূহ (Schedules)।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ৮, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়

শের-ই-বাংলা নগর, পিএসসি সড়ক, আগারগাঁও, ঢাকা-১২০৭

প্রজ্ঞাপন

তারিখ : ০১ নভেম্বর ২০১৮

নং ৮০.১১০.০৩৮.০০.০০.০০১.২০১৮-২০৭—বাংলাদেশ সচিবালয় (ক্যাডার ব গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ এর ৫(৩) মোতাবেক সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি প ০৩ (তিন) টি বিষয়ের সিলেবাস ও পরীক্ষা নীতিমালা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য এতদ প্রকাশ করা হইল।

সেলিমা বে
পরিচালক

## সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা নীতিমালা

১. **সংক্ষিপ্ত শিরোনাম।** এই নীতিমালা সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল (পদোন্নতির জন্য) পরীক্ষা নীতিমালা, ২০১৮ নামে অভিহিত হইবে।

২. **সংজ্ঞা।** বিষয় ও প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে এই নীতিমালায়—

ক. "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

খ. "পরীক্ষা" অর্থ সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতির জন্য পরীক্ষা;

গ. "কর্মচারী" অর্থ কমিশন কর্তৃক নির্ধারিত সিলেবাস অনুযায়ী কমিশন কর্তৃক পরিচালিত পরীক্ষায় অংশগ্রহণকারী নন-ক্যাডার সহকারী সচিব;

ঘ."সিলেবাস" অর্থ বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা ২০১৪ এর বিধি উপবিধি-৫ এর ৩ ক্ষমতাবলে কমিশন কর্তৃক প্রণীত সিলেবাস।

৩. **পরীক্ষা পরিচালনা** (১) চাকুরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী ৬ষ্ঠ গ্রেডে ৩৫৫০০-৬৭০১০/- টাকার স্কেলে পদোন্নতির জন্য কমিশন সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) দের নির্ধারিত সিলেবাস অনুযায়ী পরীক্ষা গ্রহণ করিবে এবং উক্ত পরীক্ষা একই পঞ্জিকা বৎসরে দুইবার অনুষ্ঠিত হইবে। তবে শর্ত থাকে যে, দুই পরীক্ষার মধ্যে অন্যূন ৫ (পাঁচ) মাসের ব্যাবধান থাকিবে এবং সাধারণভাবে উক্ত পরীক্ষা জুন ও ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হইবে।

(২) কর্ম কমিশন কর্তৃক প্রত্যেক পরীক্ষার ফলাফল সরকারি গেজেটে প্রকাশ করা হইবে।

৪. **পরীক্ষার বিষয়সমূহ।** ১. পরীক্ষার জন্য নিম্নবর্ণিত তিনটি পত্র থাকিবে, যথা

ক. ১ম পত্র বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি;

খ. ২য় পত্র সাধারণ আইন, বিধি ও পদ্ধতি এবং আর্থিক ব্যবস্থাপনা; এবং

গ. ৩য় পত্র অফিস কার্যক্রম সংক্রান্ত আইন, বিধি ও নির্দেশাবলি।

(২) কমিশন প্রয়োজনবোধে সময় সময় আদেশ দ্বারা সিলেবাস প্রণয়ন/সংশোধন করিবে;

(৩) ১ম, ২য় ও ৩য় পত্রের পরীক্ষা ১০০ নম্বরের এবং পরীক্ষার সময়সীমা ০৩ ঘণ্টা হইবে;

(৪) ১ম, ২য় ও ৩য় পত্রের উত্তীর্ণ নম্বর শতকরা ৪০% হইবে।

৫. **পরীক্ষার সময়সূচি।** পরীক্ষার তারিখ, সময়, স্থান এবং অন্যান্য প্রয়োজনীয় তথ্যাবলি সংবলিত পরীক্ষার সময়সূচি কমিশন কর্তৃক ওয়েবসাইট, পত্রিকা এবং অন্যান্য সংবাদ মাধ্যমে ঘোষণা করা হইবে।

৬. **যোগ্যতা, ইত্যাদি।** (১) কোন কর্মচারী চাকুরিতে স্থায়ী না হইলে এবং সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) পদে চাকুরিকাল ০৪ বৎসর পূর্ণ না হইলে পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য হইবেন না।

(২) কোন কর্মচারী কোন পরীক্ষায় তিনটি বিষয়ে একই সঙ্গে অথবা কম সংখ্যক বিষয়ে অংশগ্রহণ করিতে পারিবেন।

(৩) কোন কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর পূর্ণ হইবার পর তিনি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবেন না।

৭. **আবেদনপত্র জমা** (১) পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনকারী কর্মচারীকে নির্দিষ্ট তারিখের মধ্যে কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতি অনুসরণক্রমে আবেদনপত্র অন-লাইনে পূরণ পূর্বক জমা দিতে হইবে। অন-লাইনে আবেদনপত্রের একটি হার্ডকপি একধাপ উর্ধ্বতন কর্তৃপক্ষের সীল স্বাক্ষরসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে কমিশন কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে কমিশনে প্রেরণ করিতে হইবে। উল্লেখ্য, নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হইবে না।

(২) কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত আবেদনপত্র যাচাইপূর্বক পরীক্ষা গ্রহণ করা হইবে।

৮. পরীক্ষা সংক্রান্ত সকল কার্যাবলি কমিশন কর্তৃক পরিচালিত হইবে।

৯. **একাধিকবার সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষার সুযোগ।** সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষার সকল বা কোন নির্দিষ্ট পত্রে প্রথমবারে কৃতকার্য না হইলে, সেই পত্র বা পত্রসমূহ পুনরায় পরীক্ষা দেওয়ার জন্য একাধিকবার সুযোগ দেওয়া হইবে।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
শের-ই-বাংলা নগর, পিএসসি সড়ক, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

**প্রেস বিজ্ঞপ্তি**

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০০১.২০১৮-১০ তারিখঃ ১০ জানুয়ারি ২০১৯

**বিষয়ঃ সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা ডিসেম্বর, ২০১৮।**

সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের কমিশন কর্তৃক জারিকৃত নীতিমালা অনুযায়ী নির্ধারিত ডিসেম্বর, ২০১৮ সালের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষা ২০১৯ সনের মার্চ মাসে অনুষ্ঠিত হবে। পরীক্ষাসূচি যথাসময়ে দৈনিক পত্রিকায় এবং কর্ম কমিশনের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উক্ত পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক কর্মকর্তাগণকে online-এ আবেদনপত্র (soft copy) আগামী **১৭ জানুয়ারি ২০১৯ তারিখ রাত ১২.০০ টা থেকে শুরু করে ৩১ জানুয়ারি ২০১৯ তারিখ রাত ১২.০০ টার মধ্যে** নির্ভুলভাবে দাখিল করতে হবে এবং online আবেদনপত্র দাখিলের পর **সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল (পদোন্নতির জন্য) পরীক্ষা নীতিমালা, ২০১৮** অনুযায়ী আগামী ০৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ **অফিস চলাকালীন সময়ের** মধ্যে আবেদনপত্রের soft copy এর hard copy -এর যথাস্থানে পরীক্ষার্থী এবং তার এক ধাপ উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সিল স্বাক্ষরসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে অবশ্যই **সরাসরি সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, পিএসসি সড়ক, আগারগাঁও, ঢাকা-১২০৭ বরাবর প্রেরণ করতে হবে।** কমিশন কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে উক্ত আবেদনপত্রের hard copy যাচাই-বাছাই পূর্বক পরীক্ষা গ্রহণ করা হবে। **নির্ধারিত তারিখের পরে কমিশনে প্রাপ্ত আবেদনপত্র, কারণ যাই হোক না কেন, সরাসরি বাতিল বলে গণ্য হবে।**

২. আবেদনপত্রের online form যথাযথভাবে পূরণ করতে হবে। আবেদনপত্রের সাথে চাকরি স্থায়ীকরণের সত্যায়িত গেজেট কপি এবং সত্যায়িত পাসপোর্ট সাইজের ০১(এক) কপি ছবি সংযুক্ত করতে হবে। আবেদনপত্রের hard copy এর যথাস্থানে আবেদনকারী ও তার এক ধাপ উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সিলসহ স্বাক্ষর/প্রতিস্বাক্ষর থাকতে হবে। উভয় কর্মকর্তার স্বাক্ষর ও সীলমোহর ব্যতীত পূরণকৃত আবেদনপত্র (hard copy) বাতিল বলে গণ্য হবে। **যে কোন ধরণের ত্রুটিযুক্ত বা ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র (hard copy) সরাসরি বাতিল বলে গণ্য হবে।** বিধি অনুযায়ী অযোগ্য আবেদনকারী এবং ভুল তথ্য প্রদানকারী পরীক্ষার্থীর আবেদনপত্র বা প্রার্থিতা পরীক্ষার পূর্বে বা পরীক্ষায় উত্তীর্ণ হবার পরেও বাতিল হতে পারে, অর্থাৎ যে পর্যায়ে ত্রুটি ধরা পড়বে সে পর্যায়েই বাতিল হবে।

৩. শেষ মুহূর্তের জটিলতা এড়ানোর জন্য সর্বশেষ তারিখ পর্যন্ত অপেক্ষা না করে যথাসম্ভব দ্রুত online-এ আবেদনপত্র দাখিলের পরামর্শ দেয়া যাচ্ছে।

৪. **Online-এ BPSC Form-9 পূরণের নিয়মাবলী ঃ**

পরীক্ষার্থীকে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd এর মাধ্যমে কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত আবেদনপত্র (Form-9) পূরণ করে Online Registration কার্যক্রম সম্পন্ন করতে হবে। কমিশনের ওয়েব সাইটটি open করে অন-লাইন রেজিস্ট্রেশন সেবা বক্সে সিনিয়র স্কেল পরীক্ষা লিংকে ক্লিক করতে হবে। এরপর সিনিয়র স্কেল (ক্যাডার বহির্ভূত) পরীক্ষা লিংকে ক্লিক করতে হবে। ফরম পূরণের পূর্বে পরীক্ষার্থীগণ Instruction অংশটি Download করে প্রতিটি নির্দেশনা ভাল করে পড়বেন। BPSC Form-9 এর ৪ (চার) টি Section রয়েছে। Section-1: Personal Details, Section-2: Service Related Information, Section-3: Examination Related Information, Section-4: ছবি এবং স্বাক্ষর প্রদানের জন্য পৃথক নির্দেশাবলী রয়েছে। প্রতিটি নির্দেশনা এবং BPSC Form-9 এর প্রতিটি Field এ প্রদত্ত তথ্য সুক্ষভাবে অনুসরণ করে Form পূরণ করতে হবে। **এ জন্য পরীক্ষার্থীদের National ID card এর নম্বর, ছবি {ইমেজ ৩০০×৩০০ পিক্সেলস (Pixels) ফাইল সাইজ ১০০ কেবি এর নিচে} এবং স্বাক্ষর {ইমেজ ৩০০×৮০ পিক্সেলস (Pixels) ফাইল সাইজ ৬০ কেবি এর নিচে} প্রয়োজন হবে।**

ক্রমশ/০২

৫. **এ পরীক্ষায় অংশ গ্রহণের শর্তাবলী ঃ**

ক. কোন কর্মকর্তার সংশ্লিষ্ট ১ম শ্রেণির পদে চাকরির মেয়াদ (২০১৮ সালের ০১ ডিসেম্বর তারিখে) ন্যূনপক্ষে ০৪(চার) বছর পূর্ণ এবং চাকরিতে স্থায়ী হতে হবে;

খ. নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র (on line-এ দাখিলকৃত soft copy ও মুদ্রিত hard copy) কমিশনে পৌঁছাতে হবে;

গ. নির্ধারিত ০৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের মধ্যে আবেদনপত্র সরাসরি কমিশনে পৌঁছাতে/জমা দিতে হবে;

ঘ. একজন কর্মকর্তা একসাথে তিনটি অথবা কম সংখ্যক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন;

ঙ. আবেদনপত্রের কপি (hard copy)-এর যথাস্থানে পরীক্ষার্থী এবং তার এক ধাপ উর্ধ্বতন কর্তৃপক্ষের নাম সম্বলিত সিলসহ স্বাক্ষর থাকতে হবে ;

চ. কোন কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর পূর্ণ হওয়ার পর তিনি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

**উল্লিখিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ করা না হলে আবেদনপত্র/প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।**

৬. পরীক্ষায় লিথোকোড সংযুক্ত উত্তরপত্র সরবরাহ করা হবে। পরীক্ষার্থীকে নিম্নে বর্ণিত বিষয়কোডগুলো অবহিত থাকতে হবে; যা উত্তরপত্রে কোডের স্থানে পরীক্ষার সময় লিখতে হবে ঃ

ক. **প্রথমপত্র** ঃ বাংলাদেশ ও আন্তর্জাতিক বিষয়াবলি, বিষয় কোড নং- ৭০১।

খ. **দ্বিতীয়পত্র** ঃ সাধারণ আইন, বিধি ও পদ্ধতি এবং আর্থিক ব্যবস্থাপনা, বিষয় কোড নং- ৭০২।

গ. **তৃতীয়পত্র** ঃ সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের নিজস্ব কার্যাবলীর সংগে সম্পর্কিত বিষয়াবলী। বিষয় কোড নং-৭০৩।

৭. প্রত্যেক পত্রের প্রশ্নের পূর্ণমান ১০০ নম্বর এবং পাশ নম্বর ৪০। প্রত্যেক পত্রের পরীক্ষার জন্য নির্ধারিত সময় ০৩(তিন) ঘন্টা।

৮. যোগ্য/অযোগ্য আবেদনকারীর তালিকা কর্ম কমিশনের ওয়েবসাইটে পাওয়া যাবে। যোগ্য আবেদনকারীর পরীক্ষার প্রবেশপত্র পরবর্তী সময়ে তাদের নিজ উদ্যোগে কমিশনের ওয়েবসাইট হতে download করে সংগ্রহ করতে হবে। প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না। online- এ আবেদনপত্র ফরম পূরণে কোন সমস্যা হলে excss_support@bpsc.gov.bd –এ Mail অথবা ০১৯৭৩০৯২৩১০, ০১৭১৭৬২৪৫৭৬, ০১৫৫৩৫৭০১৮৩ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

৯. সহকারী সচিব (ক্যাডার বহির্ভূত) কর্মকর্তাদের সিনিয়র স্কেল পদোন্নতি পরীক্ষার সিলেবাস কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd -এ পাওয়া যাবে।

১০.১.২০১৯

[আবদুল্লাহ-আল-মামুন]
পরিচালক
ফোন ঃ ৫৫০০৬৬৩০

ক্রমশ/০৩

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০০১.২০১৮-১০ তারিখঃ ১০ জানুয়ারি ২০১৯

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, -------------------------------- মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৪. সচিব, -------------------------------- মন্ত্রণালয়/বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ঢাকা।
৫. মহাপরিচালক,-------------------------------- অধিদপ্তর/পরিদপ্তর, ঢাকা।
৬. পরীক্ষা নিয়ন্ত্রক(ক্যাডার/নন-ক্যাডার), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৭. পরিচালক (সকল)/সিস্টেম এনালিস্ট/উপ-সচিব (প্রশা/অর্থ ও সেবা/বাজেট), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৮. উপ-পরিচালক(সকল), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৯. উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়,আঞ্চলিক কার্যালয়, চট্রগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
১০. সহকারী পরিচালক/সহকারী সচিব/জনসংযোগ কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা/লাইব্রেরিয়ান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১১. জনাব কৌশিক দেবনাথ, সহকারী প্রোগ্রামার (কর্ম কমিশনের ওয়েব সাইট www.bpsc.gov.bd -এ প্রকাশের জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১২. সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১৩. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিঃ কর্মঃ (অতিঃ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
১৪. নোটিশ বোর্ড/অভ্যর্থনা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

১০.১.২০১৯
[আবদুল্লাহ-আল-মামুন]
পরিচালক
ফোন ঃ ৫৫০০৬৬৩০

নং-৮০.১১০.০৩৮.০০.০০.০০১.২০১৮-১০ তারিখঃ ১০ জানুয়ারি ২০১৯

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ**

১. মুখ্য বার্তা নিয়ন্ত্রক,বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ করা হলো।
২. বার্তা সম্পাদক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে অনুরোধ ক রা হলো।

১০.১.২০১৯
[আবদুল্লাহ-আল-মামুন]
পরিচালক
ফোন ঃ ৫৫০০৬৬৩০

সদয় **অবগতির জন্য** ঃ

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, ঢাকা।
২. ব্যক্তিগত কর্মকর্তা (বিজ্ঞ সদস্য - ৮ মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।

১০.১.২০১৯
[আবদুল্লাহ-আল-মামুন]
পরিচালক
ফোন ঃ ৫৫০০৬৬৩০